



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2022

গভর্নর ক্যাথি হোকল

চিপস এবং বিজ্ঞান অ্যাক্ট পাশ করার ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"ফেডারেল আমেরিকার জন্য মাইক্রোচিপ উৎপাদনের সাহায্যকারী প্রণোদনা সৃষ্টি (Creating Helpful Incentives to Produce Semiconductors for America, CHIPS) এবং বিজ্ঞান অ্যাক্ট পাশ করার ফলে নিউ ইয়র্কের জন্য একটি আরো শক্তিশালী, উজ্জ্বলতর ভবিষ্যৎ তৈরি হবে। সিনেটর শুমার, জিলিব্র্যান্ড এবং নিউ ইয়র্ক কংগ্রেসনাল প্রতিনিধি দলের কল্যাণে, এই বিলাটি মার্কিন যুক্তরাষ্ট্রকে আমাদের ফোন, গাড়ি, ও কম্পিউটারে পাওয়ার প্রদানকারী চিপস উৎপাদনে বৈশ্বিক নেতার পদে পৌঁছাতে সাহায্য করবে। যখন গৃহস্থালির ব্যয় সর্বকালের সর্বোচ্চ এবং মূল্যস্ফীতি বেড়ে চলেছে, তখন CHIPS এবং বিজ্ঞান অ্যাক্টটি (CHIPS and Science Act) উদ্ভাবন বৃদ্ধি করবে, ভালো উৎপাদনের কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং প্রতিদিনের প্রযুক্তিতে আরো ক্রয়ক্ষমতার মধ্যে নিয়ে আসবে। আমি এই ঐতিহাসিক বিধিমালায় রাষ্ট্রপতি বাইডেনের স্বাক্ষর দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।

"এখানে, নিউ ইয়র্কে, চিপস এবং বিজ্ঞান অ্যাক্টটি রেকর্ড পরিমাণ বিনিয়োগ এবং শিল্পখাতে অগণিত কর্মসংস্থান আনবে, যার জন্য আমরা চিপ উৎপাদনের একজন নেতা হিসেবে আমাদের অবস্থান পাকাপোক্ত করতে স্টেট পর্যায়ে এতো কঠোর পরিশ্রম করছি। নিউ ইয়র্কের সবুজ চিপস বিল (Green CHIPS bill), যা আইনসভায় দ্বিপক্ষীয় সমর্থন পেয়ে অপ্রতিরোধ্যভাবে পাশ হয়েছে, কর্মক্ষেত্রে ও সম্প্রদায়ের উন্নয়নে বড় বিনিয়োগ দ্বারা স্টেটের সেমিকন্ডাক্টর শিল্প দায়িত্বশীল ও টেকসইভাবে বৃদ্ধি করবে। স্টেট এবং ফেডারেল CHIPS বিলের সম্মিলন, যার সাথে রয়েছে আমাদের বৈচিত্র্যময় প্রতিভার ভাণ্ডার, সমৃদ্ধ স্থানীয় সংস্থান, এবং চলমান বিনিয়োগ, নিউ ইয়র্ককে একবিংশ শতাব্দীর চাকরি এবং প্রযুক্তি তৈরিতে এবং চিপ উৎপাদনের বৈশ্বিক রাজধানী হয়ে উঠতে সাহায্য করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418